বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স

সূত্র নং: ডিসিপি(পিআর) ০৫/২০২৬-৫২১ তারিখ : ১২ নভেম্বর, ২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক,
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

২য় স্বল্পমেয়াদি বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক নিলামের প্রেস বিজ্ঞপ্তি।

'অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প' [Important Rural Infrastructures Development Project on Priority basis] এর বিপরীতে বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক 'Short Term BGIS (182 Days)' ইস্যু করা হবে। আলোচ্য সুকুকের অকশন আগামী ০১ ডিসেম্বর, ২০২৬ তারিখ রোজ মঙ্গলবার বাংলাদেশ ব্যাংকের নিজস্ব সফটওয়্যার Shariah Securities Module (SSM) এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে এ লক্ষ্যে প্রণীত প্রসপেক্টাস ও শরীয়াহ্ ঘোষণাপত্র ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের অধীন গঠিত শরীয়াহ্ এডভাইজরি কমিটির অনুমোদনক্রমে চূড়ান্ত করা হয়েছে।



প্রসপেক্টাস অনুযায়ী অকশনের মাধ্যমে ৩,০০০.০০ (তিন হাজার) কোটি টাকা অভিহিত মূল্যের (Face Value) সুকুক ইজারা পদ্ধতিতে ইস্যু করা হবে যার মেয়াদোত্তীর্ণের তারিখ ২ জুন, ২০২৭। এ সুকুকে বিনিয়োগের বিপরীতে বিনিয়োগকারীদেরকে ১৮২ দিনে ভাড়া বাবদ সর্বমোট ১১২.১৯ কোটি টাকা যা বার্ষিক ৭.৫০% হিসেবে মেয়াদপূর্তিতে এককালীন পরিশোধ করা হবে। বাংলাদেশ ব্যাংকের সাথে চলতি/আল-ওয়াদিয়াহ্ চলতি হিসাব রয়েছে এরূপ সকল ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি সরাসরি নিলামে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া, দেশী-বিদেশী ব্যক্তিপর্যায়ের বিনিয়োগকারীসহ কর্পোরেট প্রতিষ্ঠান, ইনভেস্টমেন্ট কোম্পানি, বীমা কোম্পানী, প্রভিডেন্ট ফান্ড ও ডিপোজিট ইন্স্যুরেন্স ফান্ড বাংলাদেশ ব্যাংকের সাথে চলতি/আল-ওয়াদিয়াহ্ চলতি হিসাব রয়েছে এরূপ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে নিলামে অংশগ্রহণ করতে পারবেন। বিনিয়োগকারীগণ ১০,০০০ (দশ হাজার) টাকার গুণিতক পরিমাণে সুকুক ক্রয়ের জন্য **০১ ডিসেম্বর, ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টার** মধ্যে Shariah Securities Module (SSM) এ তাদের Sukuk Investor (SI) ID এর বিপরীতে অনলাইনে বিড দাখিল করতে পারবেন। আলোচ্য সুকুকে বিনিয়োগের ক্ষেত্রে নতুন বিনিয়োগকারীগণ ২৯ নভেম্বর, ২০২৬ তারিখের মধ্যে তাদের সংশ্লিষ্ট ব্যাংকের সাথে যোগাযোগকরতঃ SIID খোলার কাজ সম্পন্ন করবেন। বিডে কৃতকার্য বিডারদের অনুকূলে বরাদ্দকৃত সুকুকের পরিমাণ ০১ ডিসেম্বর, ২০২৬ বিকাল ৩ টায় তাদের স্ব স্ব আইডিতে পাওয়া যাবে।

চলমান পাতা - ২

জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(সাঈদা খানম)
পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র
বাংলাদেশ ব্যাংক,
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
টেলিফোন: ৯৫৩০১৮০
E-mail: sayeda.khanam@bb.org.bd